

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৫৪

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - 'আরব ভূখণ্ড হতে ইয়াহূদীদের বিতাড়ন

আরবী

عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْيَهُودَ وَالنَّصَارَى مِنْ أَرْضِ الْحِجَازِ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا ظَهَرَ عَلَى أَهْلِ خَيْبَرَ أَرَادَ أَنْ يُخْرِجَ الْيَهُودَ مِنْهَا وَكَانَتِ الْأَرْضُ لَمَّا ظُهِرَ عَلَيْهَا لِلَّهِ وَلِرَسُولِهِ وَلِلْمُسْلِمِينَ فَسَأَلَ الْيَهُودُ يُخْرِجَ الْيَهُودَ مِنْهَا وَكَانَتِ الْأَرْضُ لَمَّا ظُهِرَ عَلَيْهَا لِلَّهِ وَلِرَسُولِهِ وَلِلْمُسْلِمِينَ فَسَأَلَ الْيَهُودُ رَبِّ الْيَهُودَ مِنْهَا وَكَانَتِ الْأَرْضُ لَمَّا ظُهِرَ عَلَيْهَا لِلَّهِ وَلِرَسُولِهِ وَلِلْمُسْلِمِينَ فَسَأَلَ الْيَهُودُ رَبِّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَتُرُكَهُمْ عَلَى أَنْ يَكْفُوا الْعَمَلَ وَلَهُمْ نِصْفُ التَّمَرِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَتُركَكُمُ على ذَلِكَ مَا شِئْنَا» فَأُقِرُّوا حَتَّى أَجْلَاهُمْ عُلَى أَنْ يَكُفُوا الْعَمَلَ وَلَهُمْ نِصِفْ التَّمَرِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «نُقِرُّكُمْ على ذَلِكَ مَا شِئْنَا» فَأُقِرُوا حَتَّى أَجْلَاهُمْ عُلَى أَن يَتُماء وَاريحاء عُمَرُ فِي إِمارته إلى تَيماء وأريحاء

বাংলা

দ্বিতীয় অনুচ্ছেদ

لَيْسَ فِيْهِ إِلَّا حَدِيثُ ابْنِ عَبَّاسٍ «لَا تَكُوْنُ قِبْلَتَانِ» وَقَدْ مَرَّ فِيْ بَابِ الْجِزْيَةِ.

এ অধ্যায়ে ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত, ''দুই কিবলা (কিবলা/কেবলা)র জনগণ একত্রে থাকতে পারে না''-এ হাদীসটি ছাড়া অন্য কোনো হাদীস বর্ণিত হয়নি। আর উক্ত হাদীসটি পূর্বোল্লিখিত 'জিয্ইয়াহ্' অধ্যায়ে বর্ণনা করা হয়েছে।

৪০৫৪-[৫] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। 'উমার ইবনুল খত্ত্বাব (রাঃ) হিজায ('আরব ভূখণ্ড) হতে ইয়াহূদী ও নাসারাদেরকে বিতাড়িত করেছেন। প্রকৃত বিষয় হলো- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন খায়বার বিজয় করেন তখন সেখানকার ইয়াহূদীদেরকে তথা হতে বহিষ্কার করতে চেয়েছিলেন। কেননা তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যে জায়গা জয় করেন, তখন সে জায়গা আল্লাহ, তাঁর রসূল ও সমস্ত মুসলিমের অধিকারে চলে আসে। তখন ইয়াহূদীরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আবেদন করল, তাদেরকে এ শর্তে সেখানে বহাল রাখা হোক যে, তারা নিজেদের কায়িক শ্রমের বিনিময়ে ফল-ফসলাদির অর্ধেক গ্রহণ করবে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হ্যাঁ, তবে যতদিন আমরা চাইব ততদিন তোমাদেরকে



বহাল রাখব। ফলে তারা সেখানে থেকে গেল। পরিশেষে 'উমার তাঁর খিলাফাতকালে তাদেরকে তায়মা ও আরীহা-এর দিকে বিতাড়িত করেছেন। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩১৫২, মুসলিম ১৫৫১, আহমাদ ৬৩৬৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَجْلَى الْيَهُوْدَ وَالنَّصَارَى مِنْ أَرْضِ الْحِجَازِ) 'উমার ইয়াহূদী এবং নাসারাদের হিজাযের ভূমি থেকে বহিষ্কার করেন।

(أَجْلَاهُمْ عُمَرُ فِي إِمَارَتِه إِلَى تَيْمَاءَ وَأَرِيْحَاءَ) 'উমার তাদেরকে তাঁর খিলাফাতকালে খায়বার থেকে বহিষ্কার করে তায়মা এবং আরীহাতে পাঠিয়ে দেন। তায়মা এবং আরীহা 'আরব উপদ্বীপেরই অংশ। অতএব রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী ইয়াহূদী নাসারাদের 'আরব উপদ্বীপ থেকে বহিষ্কার করবো। বাক্যে 'আরব উপদ্বীপদ্বারা হিজায উদ্দেশ্য। এজন্যই 'উমার তাদেরকে হিজায থেকে বের করে 'আরব উপদ্বীপের অন্তর্গত তায়মাও আরীহাতে প্রেরণ করেন। (শারহে মুসলিম ১০ম খন্ড, হাঃ ১৫৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69381

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন